গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কার্যক্রমের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

ক. প্রকল্পের বিবরণীঃ

১	প্রকল্পের নাম	:	"প্রি-পেমেন্ট মিটারিং প্রজেক্ট ফর ডিস্ট্রিবিউশন কুমিল্লা এন্ড ময়মনসিংহ জোনস (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প।
২.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ
৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা
৪.	প্রকল্পের অবস্থান	:	জেলা: কুমিল্লা, ময়মনসিংহ।

৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) :

অনুমোদনের পর্যায়	**মেয়াদ**	অনুমোদিত ব্যয়			
মূল	০১/০৭/২০১৩-৩০/১২/২০১৫	**মোট**	**জিওবি**	**পি এ**	**সংস্থার অর্থ**
		১৩২৪৯.২২	১৮২৫.৭৪	১০৪০৫.৮৫	১০১৮.৬৩
সংশোধিত	জুলাই, ২০১৩-জুন, ২০২৪	১৬৫১৬.৪৮	৪৫৮৩.২০	২০১৮.৫৩	৯৯১৪.৭৫

৬. **ক্রমপুঞ্জিত অগ্রগতি:** জুন/২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি: আর্থিক-১৮.৯৬%, ভৌত: ৩০.৭৬%

৭. **প্রকল্পের উদ্দেশ্যঃ**
(ক) নন-টেকনিক্যাল সিস্টেম লস হ্রাস;
(খ) বিদ্যুতের রাজস্ব অগ্রীম ১০০% সংগ্রহ করা এবং
(গ) গ্রাহককে ভোগান্তিহীন বিদ্যুৎ সরবরাহ করা।

৮. **প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহঃ**
সিস্টেম সার্ভার নির্মাণ;
সিঙ্গেল ফেজ প্রি-পেমেন্ট মিটার ক্রয় ও স্থাপন;
থ্রি-ফেজ প্রি-পেমেন্ট মিটার ক্রয় ও স্থাপন;
হ্যান্ড হেল্ড ইউনিট;
পরামর্শক সেবা;
৬ বর্গ মি. মি. কপরার কনসেনট্রিক কেবল স্থাপন;
৪×২৫ বর্গ মি.মি. কপার কনসেনট্রিক কেবল স্থাপন;
জিআইএস ম্যাপিং সিস্টেম;
পূর্ত নির্মাণ কাজ এবং
প্রশিক্ষণ।

খ. পরামর্শকের কার্যপরিধি (ToR) :

৯.০ **পরামর্শকের দায়িত্বঃ**

৯.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.২ প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতি তথ্য সংগ্রহ, সন্নিবেশ, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৯.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিল উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৭ প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর, অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা, প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৮ প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৯ উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রত্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.১০ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

৯.১১ প্রকল্পের উদ্দেশ্যে, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;

৯.১২ প্রকল্পের ঘোষিত লক্ষ্য, উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে কতটা কাঙ্খিত অগ্রগতি হয়েছে, প্রকল্পের IRR, NPV ইত্যাদি অর্জনের ক্ষেত্রে কতটা অগ্রগতি হয়েছে সে সম্পর্কে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.১৩ আর্থসামাজিক প্রেক্ষাপট বিবেচনায় প্রকল্পটি গ্রহণের যৌক্তিকতা যাচাই ও ফিজিবিলিটি স্ট্যাডির বিষয়ে পর্যালোচনা;

৯.১৪ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা ও প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.১৫ প্রকল্পের শুরুর বছর থেকে সর্বশেষ বছর পর্যন্ত কোন অডিট কার্যক্রম (ইন্টারনাল অডিট এবং এক্সটারনাল অডিট) হয়েছে কিনা তার বিস্তারিত তথ্য, অডিট আপত্তি থাকলে আপত্তির সংখ্যা, বিবরণ, জড়িত অর্থের পরিমাণ, অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে গৃহীত ব্যবস্থা ইত্যাদি;

৯.১৬ আইএমইডি কর্তৃক প্রকল্প চলাকালীন পরিবীক্ষণ কার্যক্রমের মূল্যায়ন এবং পরিবীক্ষণ প্রতিবেদনে প্রদত্ত পর্যবেক্ষণ ও সুপারিশ এবং প্রতিবেদনে উপস্থাপিত পর্যবেক্ষণ ও সুপারিশের আলোকে মন্ত্রণালয়, সংস্থা এবং প্রকল্প কার্যালয়ের গৃহীত কার্যালয়ের গৃহীত কার্যক্রমের বিশ্লেষণ ও মূল্যায়ন;

৯.১৭ প্রকল্প সংশ্লিষ্ট নথি পত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

৯.১৮ FGD, KII- সহ প্রকল্প সরেজমিন পরিদর্শন করে একটি ভিডিও (নূন্যতম ৩০ মিনিটের) আবশ্যিকভাবে জাতীয় কর্মশালার পূর্বে আইএমইডিতে দাখিল করতে হবে;

৯.১৯ আইএমইডি কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

১০. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্রঃ	পরামর্শকের প্রকৃতি	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	পরামর্শক প্রতিষ্ঠান		গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসম্পন্ন।
২.	(ক) টিম লিডারঃ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রি। পিএইচডি ডিগ্রি ধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	• প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কে স্বচ্ছ ধারণাসহ বৈদ্যুতিক মিটার ও ক্যাবল সম্পর্কে ধারণা থাকতে হব এবং এ সংক্রান্ত কাজে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; • টিম লিডার হিসেবে ন্যূনতম০১ (এক) বছর কাজ করার অভিজ্ঞতা; • পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় বিশেষ দক্ষতার পাশাপাশি বাংলা/ইংরেজির বিষয় ভিত্তিক ভাষাগত জ্ঞানকে বিবেচনায় নেওয়া হবে; • পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। বিশেষভাবে বিভিন্ন প্রকার ক্রয় কার্যক্রম (পণ্য, সেবা,

ক্রঃ	পরামর্শকের প্রকৃতি	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
			কার্য), ক্রয় পরিকল্পনা, ক্রয় অনুমোদন প্রক্রিয়া, চুক্তি সম্পাদন, কারিগরি/আর্থিক মূল্যায়ন বিষয়ে প্রশিক্ষণ থাকতে হবে; ● "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি (জুন, ২০২২)" বিষয়ে সুস্পষ্ট ধারণা থাকতে হবে (https://imed.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে)।
	(খ) মিড লেভেল ইঞ্জিনিয়ার	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রি।	● প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কে স্বচ্ছ ধারণাসহ কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং এবং ডাটা সেন্টারে কাজের অভিজ্ঞতাসহ ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা ; ● পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। বিশেষভাবে বিভিন্ন প্রকার ক্রয় কার্যক্রম (পণ্য, সেবা, কার্য), ক্রয় পরিকল্পনা, ক্রয় অনুমোদন প্রক্রিয়া, চুক্তি সম্পাদন, কারিগরি/আর্থিক মূল্যায়ন বিষয়ে প্রশিক্ষণ থাকতে হবে; এবং ● "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি (জুন, ২০২২)" (https://imed.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে) এর উপর সুস্পষ্ট ধারণা থাকতে হবে।
	(গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজ বিজ্ঞান/ অর্থনীতি/ সামাজিক বিজ্ঞান অনুষদের আওতাভুক্ত বিষয়ে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রি	আর্থ-সামাজিক গবেষণা/ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে পাঁচ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
	(ঘ) ডাটা ম্যানেজমেন্ট স্পেশালিস্ট	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/ অর্থনীতি/ সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রি	সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা/ডাটা ম্যানেজমেন্ট কাজে কমপক্ষে পাঁচ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

১১. **পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নেবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:**

ক্রমিক	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১.	ইনসেপশন প্রতিবেদন	২৯ ডিসেম্বর ,২০২২
২.	১ম খসড়া প্রতিবেদন	২২ ফেব্রুয়ারি ,২০২৩
৩.	২য় খসড়া প্রতিবেদন	০৯ মার্চ, ২০২৩
৪.	চূড়ান্ত প্রতিবেদন	১৫ মার্চ, ২০২৩

১২. **ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান